

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৭.৯৯.০০৩.২০.২৭৫

তারিখঃ ০৫ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : একাদশ জাতীয় সংসদের শূন্য ঘোষিত ৭১ পাবনা-৪ আসনে সংসদ সদস্য নির্বাচন উপলক্ষে গঠিত “নির্বাচনি তদন্ত কমিটি” এর মনোনীত কর্মকর্তা পরিবর্তন প্রসঙ্গে।

সূত্র : (১) স্মারক নং ১ই-৫১/২০০০(অংশ-২)-৪৩২৯ জে, তারিখ : ১৭/০৯/২০২০ খ্রিঃ, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
(২) নং ১০.০০.০০০০.১২৭.৯৯.০০৩.২০-২৬১, তারিখ : ০৮/০৯/২০২০ খ্রিঃ, বিচার শাখা-৩, আইন ও বিচার বিভাগ।
(৩) নং ১৭.০০.০০০০.০৪৫.২৭.০০১.২০-৩১৩, তারিখ : ২৬/০৮/২০২০ খ্রিঃ, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ে, ঢাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২৬ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ তারিখ শনিবার একাদশ জাতীয় সংসদের শূন্য ঘোষিত ৭১ পাবনা-৪ নির্বাচনি এলাকায় সংসদ সদস্য নির্বাচন উপলক্ষে উল্লিখিত নির্বাচনি এলাকায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে এ বিভাগের সূত্রোক্ত ২নং পত্রের মনোনয়নের প্রেক্ষিতে পাবনা জজশীপের যুগ্ম জেলা ও দায়রা জজ জনাব মোহাঃ জালাল উদ্দিন এবং একই জজশীপের সহকারী জজ জনাব এস, এম শরিয়ত উল্লাহ এর সমন্বয়ে ‘নির্বাচনি তদন্ত কমিটি’ গঠন করা হয়। কিন্তু জনাব এস, এম শরিয়ত উল্লাহ বর্তমানে করোনা রোগে আক্রান্ত বিধায় তাঁর পক্ষে উক্ত দায়িত্ব পালন করা সম্ভব নয়।

০২। এমতাবস্থায়, আগামী ২৬ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ তারিখ শনিবার একাদশ জাতীয় সংসদের শূন্য ঘোষিত ৭১ পাবনা-৪ নির্বাচনি এলাকায় সংসদ সদস্য নির্বাচন উপলক্ষে উল্লিখিত নির্বাচনি এলাকায় ‘নির্বাচনি তদন্ত কমিটি’ গঠনের উদ্দেশ্যে পাবনা জজশীপের সহকারী জজ জনাব এস, এম শরিয়ত উল্লাহ-কে উক্ত দায়িত্ব হতে অব্যাহতি প্রদানপূর্বক তাঁর পরিবর্তে একই জজশীপের সহকারী জজ জনাব মোঃ হাসান আল আজাদ-কে মনোনয়ন প্রদান করা হলো।

SM
২০/০৯/২০২০
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।

সিনিয়র সচিব

বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।

[দৃঃ আঃ উপসচিব (আইন)]।

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ, পাবনা।
৩. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পাবনা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬. জনাব
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
৮. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পাবনা।
৯. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০. গার্ড কপি।
১১. অফিস কপি।